



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ওয়েব সাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

০৭/২০১৯

স্মারক নং- এনএইচআরসিবি/অভি:তদ:/২৬৮/১৫-২৬৪

তারিখ: ৩০/০৯/২০১৯

**বিষয়: “রাজশাহীতে থানা থেকে বের হয়েই গায়ে আগুন তরুণীর”-শীর্ষক ঘটনায় তদন্ত সংক্রান্ত।**

সূত্র: জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক গৃহীত সুয়োমোটো ৩৮/২০১৯।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ৩০/০৯/২০১৯ তারিখ বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত “রাজশাহীতে থানা থেকে বের হয়েই গায়ে আগুন তরুণীর” শীর্ষক ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন স্বপ্রণোদিতভাবে একটি সুয়োমোটো অভিযোগ গ্রহণ করেছে, যার নম্বর: ৩৮/১৯। কমিশন মনে করে এ বিষয়ে তথ্যানুসন্ধান প্রয়োজন।

০২। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্তভাবে চার সদস্য বিশিষ্ট একটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হল:

(ক) আল-মাহমুদ ফায়জুল কবীর পরিচালক (অভিযোগ ও তদন্ত), (জেলা ও দায়রা জজ) জাতীয় মানবাধিকার কমিশন	আহ্বায়ক সদস্য
(খ) রাজশাহী জেলা প্রশাসনের একজন প্রতিনিধি	সদস্য
(গ) মহিলা বিষয়ক কর্মকর্তা-মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী জেলা	সদস্য
(ঘ) সুস্মিতা পাইক, উপ-পরিচালক, জাতীয় মানবাধিকার কমিশন	সদস্য-সচিব

০৩। তদন্ত কমিটি বিষয়টি তদন্তপূর্বক এ বিষয়ে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে কমিশনের নিকট একটি তথ্যানুসন্ধান প্রতিবেদন দাখিল করবেন।

০৪। কমিশনের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হল।



(কাজী আরফান আশিক)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন: ৫৫০১৩৭১২২ (দপ্তর)

### অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. আল-মাহমুদ ফায়জুল কবীর, পরিচালক (অভিযোগ ও তদন্ত), (জেলা ও দায়রা জজ), জাতীয় মানবাধিকার কমিশন।
২. জেলা প্রশাসক, রাজশাহী।
৩. সুস্মিতা পাইক, উপপরিচালক, জাতীয় মানবাধিকার কমিশন।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, শাহ মখদুম থানা, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
৫. চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।